

105452 - বাসস্থান সংগ্রহ করা হজ্জের চেয়ে অগ্রগণ্য

প্রশ্ন

প্রশ্ন: আমি ও আমার স্ত্রী ইয়েমেন থাকি। এখন পর্যন্ত দেশে আমাদের মালিকানায় কোন বাসস্থান নেই। তবে আমার হাতে কিছু অর্থ আছে। এখনও আমরা ফরজ হজ্জ আদায় করিনি। এমতাবস্থায় আমাদের উপরে কি অবিলম্বে হজ্জ আদায় করা ফরজ; যেহেতু আমরা আর্থিকভাবে সামর্থ্যবান; যদিও আমাদের কোন বাসা নেই? নাকি আমরা আগে একটা বসত বাড়ী ক্রয় করব; তারপর সামর্থ্য থাকলে হজ্জ আদায় করব; অন্যথায় সামর্থ্যের জন্য অপেক্ষা করব?

প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

আল্লাহ

তাআলা

সামর্থ্যবান

ব্যক্তির উপর

হজ্জ আদায় করা

ফরজ করেছেন।

আল্লাহ তাআলা

বলেন: “আর এ ঘরের

হজ্জ করা হলো

মানুষের উপর

আল্লাহর প্রাপ্য;

যে লোকের

সামর্থ্য রয়েছে

এ পর্যন্ত

পৌছার।”[সূরা

আলে ইমরান,

আয়াত: ৯৭]

সামর্থ্য

হচ্ছে- সফরের
পাথেয় ও বাহন
থাকা। এ পাথেয়
ও বাহন হজ্জ
থেকে ফিরে আসা
পর্যন্ত
বাসস্থান,
নিজস্ব খরচ ও
সন্তানসন্ততির
খরচ বাদ দিয়ে
অতিরিক্ত
থাকতে হবে।
সুতরাং যে
পরিমাণ সম্পদ
আপনার হাতে
আছে তা যদি
আপনার জরুরী
খরচাদি না
মেটায়; জরুরী
খরচের মধ্যে
রয়েছে একটি
বাসস্থান
থাকা; তাহলে
আপনার উপর
হজ্জ আদায় করা
ফরজ নয় যতদিন
না আপনাদের
জরুরী
প্রয়োজন আপনারা
মেটাতে না

পারেন। জরুরী

প্রয়োজন

মিটিয়ে যদি

আপনাদের হাতে

কিছু থাকে

তাহলে হজ্জ

করবেন।

আপনাদের উপর

হজ্জ ফরজ নয়

এবং ততদিন

পর্যন্ত ফরজ

হবে না যতদিন

না আপনারা

আপনাদের

বাসস্থানের

প্রয়োজন,

নিজের খরচ,

নিজের

ছেলেমেয়েদের

খরচ ও যাদের

ভরণপোষণ দেয়া

আপনাদের উপর

ফরজ তাদের

খরচাদি দিয়ে

অতিরিক্ত

অর্থ হাতে

থাকে। সমাপ্ত